কোটচাঁদপুরে আশংকা জনক হারে বৃদ্ধি পেয়েছে আত্ম*হত্যার প্রবণতা

কোটচাঁদপুরে আশংকা জনক হারে বৃদ্ধি পেয়েছে আত্মহত্যার প্রবণতা। গেল এক মাসে কিটনাশক,ঘুমের ট্যাবলেট ও গলায় রশি দিয়ে আত্মহত্যার চেষ্টা করে বেঁচে গেছেন ৩৩ জন। এরমধ্যে পুরুষ থেকে নারীর সংখ্যই বেশি। জনসচেতনতার মাধ্যমে প্রতিরোধ করতে হবে বললেন উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স সুত্রে জানা যায়,গেল মে মাসে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে কীটনাশক পান করে,ঘুমের ট্যাবলেট খেয়ে ও গলায় রশি দিয়ে ৩৩ জন আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন। যার বেশির ভাগই ছিল নারী।

এরমধ্যে গেল ৩ তারিখে কিটনাশক পান করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন ২ জন নারী, ৪ তারিখে ১ পুরুষ ১ নারী,৫ তারিখে ১ নারী, ৯ তারিখে ১ জন নারী, ১০ তারিখে ২ জন নারী, ১২ তারিখে ২ জন নারী, ১৩ তারিখে ২ জন নারী, ১৪ তারিখে ১ জন পুরুষ, ১৬ তারিখে ১ নারী, ১৭ তারিখে ১ পুরুষ, ১৮ তারিখে ১ পুরুষ ১ জন নারী, ২০ তারিখে ১ পুরুষ ১ নারী,২১ তারিখে ১ জন পুরুষ ১ জন নারী, ২২ তারিখে ১ জন নারী,২৩ তারিখে ২ জন নারী ১ জন পুরুষ,২৪ তারিখে ১ জন পুরুষ, ২৫ তারিখে ১ জন নারী, ২৭ তারিখে ১ জন নারী ২৯ তারিখে ১ জন নারী, ৩১ তারিখে ২ জন নারী।

এ ব্যাপারে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম বলেন, আত্মহত্যা প্রতিরোধে কোন কমিটি নাই। তবে আমরা সব সময় এটা নিয়ে মানুষের সাথে কাজ করি।

তিনি বলেন, আত্মহত্যা একটা সামাজিক ব্যাধি, এটা সামাজিক ভাবে আমাদেরকে মোকাবেলা করতে হবে। আর এ কাজটি কারো একার পক্ষে করা সম্ভব না। সবাই সম্মিলিত ভাবে এগিয়ে এলে এটা প্রতিরোধ করা যেতে পারে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কনসালটেন্ট (এনেস্থিসিয়া) রাইসুল ইসলাম (জুয়েল) বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সে এর কোন আইন

নাই। তবে প্রতিরোধে স্বাস্থ্য শিক্ষা প্রগাম আছে। যার মাধ্যমে মানুষকে সচেতন হলে হয়।

এ এলাকায় মানুষ কেন আত্মহত্যার মত পথ বেচে নেন, এমন প্রশ্নে তিনি বলেন, শুধু কোটচাঁদপুর না, খুলনা বিভাগের মানুষ একটু বেশি ইমোশনাল। ছোট কিছুতেই ইমোশনাল হয়ে পড়ে, আর আত্মহত্যার দিকে ঝুকে পড়েন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে বলেন, আত্মহত্যা প্রতিরোধে একক কোন কমিটি নাই। তবে বাল্যবিবাহ, ইভটিজিং, আত্মহত্যা এ সব কিছু নিয়ে কমিটি আছে, উপজেলা সহ প্রতিটি ইউনিয়নে।

যারা প্রতিরোধে কাজ করে থাকেন। কমিটিগুলো সক্রিয় আছে কি, জানতে চাইলে, তিনি বলেন, থাকার কথা। এরপরও খোজ খবর নিয়ে দেখছি,কি অবস্থা।

তিনি বলেন, এটা আইন করে বন্ধ করা সম্ভব না। জনসচেতনতার মাধ্যমে এটার প্রতিরোধ করতে হবে।

কোটচাঁদপুর মটর সাইকেল দূর্ঘটনায় এক যুবকের মৃত্যু

মটর সাইকেল দূর্ঘটনায় রিফাত হোসেন নামের এক যুবকের মৃত্যু হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে।

জানা যায় ,রিফাত হোসেন মঙ্গলবার সকালে কাজ করার জন্য,বাড়ি থেকে বের হয়। এরপর কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ডে আসার পর পিকাপের সঙ্গে আঘাত লাগে। এতে করে গুরুতর আহত হয় সে।

পরে ঘটনাস্থল থেকে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তাকে দেখে যশোর হাসপাতালে রেফার্ড করেন। রিফাতকে যশোর হাসপাতালে

নেওয়ার পথে মারা যায়।

রিফাত হোসেন কোটচাঁদপুর উপজেলার এড়ান্দা গ্রামের মহিদুল ইসলাম ওরফে টেংরার ছেলে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক রমিজ উদ্দিন তপু বলেন,অবস্থা খুবই খারাপ ছিল। দ্রুত প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোরে রেফার্ড করা হয়।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) হারুন অর রশিদ বলেন,খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে ছিলাম। পিকাপটি জব্দ করে থানায় আনা হয়েছে। তবে মটর সাইকেলটি তারা নিয়ে গেছেন। ওই ঘটনায় আইগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি।

কোটচাঁদপুরে ভেন্টিলেটর ভেঙ্গে দোকানে চুরি

কোটচাঁদপুরে আড়ৎতের ভেন্টিলেটর ভেঙ্গে এক ব্যবসায়ীর চাল ও নগদ টাকা চুরি হয়েছে। গতকাল বুধবার রাতে ঘটনাটি ঘটেছে পারলাটের বিদুৎ অফিসের সামনে।

ভুক্তভোগী জহুরুল ইসলাম বলেন,প্রতিদিনের ন্যায় বুধবার রাতে ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে বাড়িতে যায়। আজ বৃহস্পতিবার সকালে এসে দেখতে পায় দোকানে থাকা চাল নাই আর ড্রয়ারে রাখা টাকা ও নাই।

তিনি বলেন, টাকা আর চাল মিলে আমার ৮২ হাজার টাকা ক্ষতি সাধিত হয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় অভিযোগ করা হয়েছে। জহুরুল ইসলাম উপজেলার ফুলবাড়ি গ্রামের মৃত রবিউল আওয়ালের ছেলে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) হারুন অর রশিদ বলেন, চুরির ঘটনায় এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

[redacted]

[redacted]

এ ব্যাপারে কোটচাঁদপুর উপজেলার তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) আজগর আলী বলেন,খবর পাওয়ার পর ঘটনাস্থলে গিয়ে ছিলাম। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর বিস্তারিত বলা যাবে।

কোটচাঁদপুর জুলিও কুরি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর উদযাপন করেছেন কোটচাঁদপুর উপজেলা প্রশাসন। আজ রবিবার সকালে উপজেলা অফিসার্স ক্লাবে এ অনুষ্ঠান করা হয়।

সহকারী কমিশনা (ভূমি) নিরুপমা রায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি ফারজেল হোসেন মন্ডল, উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান, প্রাণী সম্পাদক কর্মকর্তা জিল্লুর রহমান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌর কাশিপুর ডিগ্রি কলেজের অধ্যক্ষ হুমায়ুন কবির, কোটচাঁদপুর পৌর মহিলা ডিগ্রি কলেজর অধ্যক্ষ মৃনাল ক্লান্তি সরকার, কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী।

এর আগে জুলি কুরি পদক প্রাপ্তির ৫০ বছর পূতিতে বিভিন্ন স্কুল কলেজ আলোচনা সভা ও কুইজ প্রতিযোগিতা করা হয়। পরে প্রতিযোগিদের মধ্যে পুরস্কার তুলে দেন, অনুষ্ঠানের প্রধান অতিথি।

কোটচাঁদপুর উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের নির্মান কাজের উদ্ভোধন

ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য কোটচাঁদপুর উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের নির্মান কাজের উদ্ভোধন করেছেন। বৃহস্পতিবার দুপুরে এ কমপ্লেক্সের উদ্ভোধন করেন তিনি।

উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলার নির্বাহী অফিসার উছেন মে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি নুরুল ইসলাম খান বাবলু, ফারজেল হোসেন মন্ডল,মোঃ লুৎফর রহমান, কোটচাঁদপুর পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর, উপজেলা প্রকৌশলী মিজানুর রহমান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান, কুশনার শাহারুজ্জামান সবুজ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন,প্রকৌশলী মিজানুর রহমান, তিনি বলেন,উপজেলা ব্যাপী উন্নয়ন কাজ চলমান রয়েছে। এরধারাবাহিকতায় আজ উদ্ভোধন হল উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন। যা নির্মিত হচ্ছে ৬ কোটি ৩ লাখ,৮৩ হাজার ৬৬৩ টাকা ব্যয়ে।

কোটচাঁদপুরে বিষপানে কিশোরের মৃত্যু

বিষপানে অয়ন নাহা (১৬) নামের এক কিশোরের মৃত্যু হয়েছে। সে স্থানীয় বেনেপাড়ার অসিম নাহার ছেলে। গতকাল মঙ্গলবার রাতে সে মারা যায়।

জানা যায়,গেল ২২ মে সকালে বীষপান করেন অয়ন নাহা। এরপর স্বজনরা তাকে প্রথমে কোটচাঁদপুর,পরে য়শোর ও সর্বশেষ চিকিৎসার জন্য ঢাকা নিয়ে যান।

এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে চিকিৎসা দিয়ে ভর্তি করে দেন। পরে তাঁর অবস্থা অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে যশোর হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক।

গতকাল মঙ্গলবার সে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

সে এ বছর এসএসসি পরীক্ষার্থী ছিলেন। বুধবার সকালে তাকে তাঁর নিজ গ্রাম চৌগাছায় সমাধিস্থ করা হয়েছে।

কোটচাঁদপুরে জুলিও কুরি” শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূতিতে ফ্রি মেডিকেল ক্যাম্প

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর “জুলিও কুরি” শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূতিতে ফ্রি মেডিকেল ক্যাম্প করেছেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কতৃপক্ষ। মঙ্গলবার উপজেলার ফুলবাড়ি কমিউনিটি ক্লীনিকে এ ক্যাম্প করা হয়।

ফ্রি মেডিকেল ক্যাম্পে রোগী দেখেন ও সেবা দেন, কোটচাঁদপুর

স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, গাইনি কনসালটেন্ট ডাঃ ফারহানা শবনম, এনেস্থিসিয়া কনসালটেন্ট রাইসুল ইসলাম (জুয়েল), ডাঃ রাফসান রহমান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের টেকনোলজিষ্ট শাহিনুর রহমান ও ফুলবাড়ি কমিউনিটি ক্লীনিকের সিএইচসিপি জেসমিন আরা।

ওই গ্রামের সেবা গ্রহিতা, সুফিয়া বেগম ও আরজিনা খাতুন বলেন, বাড়ির পাশে কমিউনিটি সেন্টার থাকায় আমরা অনেক সুযোগ সুবিধা পেয়ে থাকি।

এখান থেকে সব ধরনের ঔষধই আমরা পেয়ে থাকি। এ ছাড়া এ ক্লীনিকে আসলে স্বাস্থ্য বিষয় সহ বিভিন্ন ধরনের পরামর্শ ও আমরা পেয়ে থাকি। তিনি বলেন, আজকের ফ্রি মেডিকেল ক্যাম্পের কথা কাল মাইকিংয়ের মাধ্যমে জানতে পেরেছি।

আজ আমরা চিকিৎসা নিতে এসেছি। বাড়ির পাশে এ ধরনের চিকিৎসা পেয়ে আমরা খুব খুশি। সামনের দিনে এ ধরনেন ক্যাম্পের দাবিও করেন তারা।

স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, আজ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর “জুলিও কুরি” শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর। এ উপলক্ষে বিভিন্ন কর্মসুচী পালন করা হচ্ছে। যার ছিল ফ্রি মেডিকেল ক্যাম্প। আজ এখানে স্বাস্থ্য কমপ্লেক্সে বিশেষজ্ঞ ডাক্তাররা চিকিৎসা দিয়েছেন।

শহর রেখে গ্রামে ফ্রি মেডিকেল ক্যাম্প করার কারন কি? এমন প্রশ্নে তিনি বলেন,স্বাস্থ্য সেবা দোর গোড়ায় পৌছে দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কমিউনিটি ক্লীনিক প্রতিষ্ঠা করেছেন। এ কারনে গ্রামের মানুষের স্বাস্থ্য সেবা প্রদান করা।

কোটচাঁদপুরের সাবদারপুর

ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

কোটচাঁদপুরের সাবদারপুর ইউনিয়নে ২০২৩/২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার বিকেলে পরিষদ মিলনায়তনে এ বাজেট ঘোষণা করেন চেয়ারম্যান আব্দুল মান্নান ।

এ সময় উপস্থিত ছিলেন, সাবদারপুর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য আবু সাঈদ, ২ নম্বরের অমেদুল ইসলাম, ৩ নম্বর ফকির মোহাম্মদ, ৪ নম্বর-আতিয়ার রহমান, ৫ নম্বর-ওসমান গনি, ৬ নম্বর-মেহেদি হাসান, ৭ নম্বর- জুল হক আলী, ৮ নম্বর- আলিম রেজা, ৯ নম্বর আক্তারুজ্জামান, মহিলা ইউপি সদস্য কহিনুর বেগম, ফাতেমা খাতুন, ফিরোজা খাতুন।

এ ছাড়া উপস্থিত ছিলেন, পরিষদের সচিব নাসরিন খাতুন, হিসাব সহকারি জুই নন্দী, উদোক্তা বিকাশ কুমার, হামিদা খাতুন।
পরে ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান ২০২৩/২৪ অর্থ বছরের ১ কোটি ২৮ লাখ ৬৬ হাজার ২শ টাকার বাজেট ঘোষণা করেন।
এ বছর বাজেটে শিক্ষা, স্বাস্থ্য ও গ্রামীন অবকাঠামো উন্নয়নকে গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

কোটচাঁদপুরে আওয়ামী লীগ বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ

কোটচাঁদপুরে আওয়ামী লীগ বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছেন। সোমবার বিকেলে সভা করা হয়।
দলীয় সুত্রে জানা যায়,রাজশাহীতে প্রকাশ্য জন সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রাণ নাশের হুমকি দেন, রাজশাহী জেলা বিএনপির আহবায়ক আবু সাইদ চাঁদ।

এর প্রতিবাদে সারাদেশে বিক্ষোভ মিছিল ও সমাবেশের ডাক দেন

বাংলাদেশ আওয়ামী লীগ। এর অংশ হিসেবে সোমবার বিকেলে কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ সহ সহযোগি সংগঠন গুলো এ কর্মসুচী পালন করেন।

এ উপলক্ষে ওইদিন বেলা ৩ টা থেকে নেতা-কর্মীরা জড়ো হতে থাকে দলীয় কার্যালয়ে। এরপর বের হয় বিক্ষোভ মিছিল। মিছিলটি পৌর শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিন করেন। পরে বাজার চত্বরে বিক্ষোভ সমাবেশ করেন দলটি। সমাবেশে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী।

এছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামিলীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম,পৌর স্বেচ্ছা-সেবক লীগের আহবায়ক ও কাউন্সিলর জাহিদ হোসেন।